ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# নিউজ সারাদিন




বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

DL- No.-03 /Date:29/02/2025 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ১২৭ ● কলকাতা ● ২৮ বৈশাখ, ১৪৩২ ● সোমবার ● ১২ মে ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

# POK ছাড়া আলোচনা সম্ভব নয়', পাকিস্তানকে হুঁশিয়ারি মোদির


**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

নয়া দিল্লি: মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প প্রথম ট্রুথ সোশ্যালে জানিয়েছিলেন ভারত-পাকিস্তান যুদ্ধবিরতিতে রাজি হয়েছেন। তাও আবার আমেরিকার মধ্যস্থতায়। তারপরেই ভারতের বিদেশসচিব বিক্রম মিস্রি জানান এই তথ্য সত্য। ভারত-পাকিস্তান দুই পক্ষের মধ্যে ৪৩ ঘণ্টার যুদ্ধবিরতি হয়েছে।সরকার সূত্রে খবর, পহেলগাঁও ভিন্ন ঘটনা। পাকিস্তানের বিরুদ্ধে যে পদক্ষেপ করা হয়েছে তা ছিল চল্লিশ



বছরের সন্ত্রাসবাদের জবাব। ‘যুদ্ধবিরতি’ শব্দটি লেখা হলেও ভারত সরকার এই শব্দটি ব্যবহারে নারাজ। পরিবর্তে তারা 'সমঝোতা' শব্দের ব্যবহার করছে। এই প্রসঙ্গে সরকারি সূত্র জানিয়েছে, "অপারেশন সিঁদুর শেষ হয়নি। আমরা একটি নতুন স্বাভাবিক অবস্থায় আছি। সেই কারণেই আমরা ‘সমঝোতা’ করেছি এবং গুলি বন্ধ করার শব্দগুলি ব্যবহার করছি।”কিন্তু পাকিস্তান তো সত্যিই সারমেয় পুচ্ছের মতো। ঘোষণার কয়েক ঘণ্টার মধ্যেই শনিবার সন্ধ্যা নাগাদ শ্রীনগরে বিস্ফোরণের শব্দ শোনা যায়। জারি করা হয় লাল সতর্কতা। জম্মু ও কাশ্মীর জুড়ে ব্যাপক ব্ল্যাকআউট হয়। একইসঙ্গে ভারতীয় বিমান প্রতিরক্ষা বাহিনী রাজস্থানের পোখরান এবং কাশ্মীরের বারামুল্লায় একাধিক

এরপর ৩ পাতায়






# 'আমার বাবা তার অনিচ্ছাকৃত ভুলের জন্য কঠিন হয়ে সমগ্র দেশের ক্ষমা চেয়েছেন'
# গ্রেফতারকৃত বৃদ্ধের মেয়ে বলল- আমার বাবা ভুল করে ফেসবুকে পোস্টটি শেয়ার করে দিয়েছেন



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

**হুগলি।** ভারত ও পাকিস্তানের মধ্যে তীব্র উত্তেজনার মধ্যে, শনিবার সন্ধ্যায় হুগলি জেলার দুই ব্যক্তিকে সোশ্যাল মিডিয়ায় ভারত-বিরোধী মন্তব্য করার অভিযোগে গ্রেপ্তার করা হয়েছে। গ্রেফতারকৃতদের নাম শেখ শমশের আলী (৬৫) এবং শুকর আলী সরকার। শেখ শমসের আলীকে হুগলি জেলার বলাগড় থেকে এবং শুকর আলী সরকারকে পান্ডুয়া থেকে গ্রেপ্তার করা হয়েছিল। এমন পরিস্থিতিতে শেখ শমসের আলীর গ্রেপ্তারে বলাগড়ের মানুষ হতবাক। স্থানীয় লোকজনের মতে, শেখ শমসের আলী এলাকায় বিদ্যুৎ নিয়ে কাজ করেন এমন একজন ব্যক্তি হিসেবে পরিচিত এবং ডাকা হলেই তিনি তৎক্ষণাৎ সক্রিয় হয়ে কাজ শুরু করেন। তিনি একজন ভালো মানুষ এবং যেকোনো বিবাদ থেকে দূরে থেকে সর্বদা তার পারিবারিক জীবনে ব্যস্ত থাকেন। বৃদ্ধ শেখ শমসের আলীর মেয়ে সাবিনা বেগম আজ মিডিয়া কর্মীদের কে বলেন যে তার বাবার মোবাইল ফোন সম্পর্কে খুব বেশি জ্ঞান নেই, তিনি ভুল করে ফেসবুকে একটি পোস্ট শেয়ার করেছিলেন এবং বিতর্ক শুরু হয়েছিল। সাবিনা বেগম বলেন, যখন তার বাবা বিষয়টি বুঝতে পেরেছিলেন, তখন তিনি ফেসবুকে লাইভে এসে তাঁর অনিচ্ছাকৃত কাজের জন্য সমগ্র দেশের কাছে প্রকাশ্যে ক্ষমা চেয়েছিলেন। সাবিনা বেগম আরও বলেন যে তার বাবা এলাকার দুর্গাপূজা উদযাপনে অংশগ্রহণ করেন কিন্তু তার ভুলের জন্য তাকে এত কঠোর শাস্তি দেওয়া উচিত নয় যে তার বেঁচে থাকা কঠিন হয়ে যাবে। তার বৃদ্ধ বাবার এই ভুলের জন্য তিনি নিজেই দেশের কাছে ক্ষমা চান।

## নজরে বাংলার এই জেলাগুলি, ৩ মাসের জন্য কড়া নজরদারি-বাড়তি সতর্কতা!




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

আগামী তিন মাসের জন্য জেলাগুলিতে যাতে কোনও খাদ্য ঘাটতি না হয় তার জন্য আগাম প্রস্তুতি নিতে জেলা প্রশাসনকে নির্দেশ মুখ্যসচিব মনোজ পন্থের। কোনও জরুরি অবস্থা দেখা দিলে রাজ্য সরকারের আগাম সব ব্যবস্থা যেন তৈরি থাকে।রবিবার ভার্চুয়াল বৈঠক করে মুখ্যসচিব মনোজ পন্থ রাজ্যের প্রতি জেলায় কত খাদ্য মজুত আছে, তা নিয়ে আলোচনা করেন। উল্লেখ্য, রাজ্য ও কলকাতা পুলিশের জন্যও একগুচ্ছ নির্দেশ জারি করা হয়েছে।

এরপর ৪ পাতায়

# পাকিস্তানের হাতে আটক ভারতীয় সেনা জওয়ান,
# তাকে ফেরত আনার আহ্বান জানালেন সংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়

**বেবি চক্রবর্তী :কলকাতা**



বিএসএফ জওয়ানকে আটক করেছিল পাকিস্তান। তাঁকে মুক্ত করে আনার জন্য নানা চেষ্টা হয়েছে বিএসএফের তরফে। কিন্তু শেষ পর্যন্ত তাঁকে আনা যায়নি বলে খবর।এবার শ্রীরামপুরের তৃণমূল সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায় এক্স হ্যান্ডলে লিখেছেন, ভারত ও পাকিস্তানের মধ্যে সংঘর্ষ বিরতি হয়েছে এবার যাঁকে পাকিস্তান সেনা আটক করে রেখেছে তাঁর মুক্তির জন্য এখনই উদ্যোগ নেওয়া হোক।ওই বিএসএফ জওয়ানকে অবিলম্বে মুক্তি দেওয়ার দাবি করেছেন কল্যাণ। অত্যন্ত উদ্বেগের মধ্যে রয়েছে পরিবার। বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বলেছিলেন, 'এটা খুবই দুঃখজনক ঘটনা। আমাদের জওয়ান, পুনমের কোনও খবর নেই। আমাদের পক্ষ থেকে সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায় পরিবারের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখছেন। পূর্ণম সাউকে ফিরিয়ে আনতেই হবে।রিষড়ার বাসিন্দা পূর্ণম সাউ পোস্টিং ছিলেন বর্ডারে। তাঁকে আটক করেছে পাক রেঞ্জার্সরা। এরপর থেকে আটক রয়েছেন তিনি। এদিকে সংঘর্ষ বিরতিতে সম্মত হয়েছে দুই দেশ। তারপর তাঁর মুক্তি নিয়ে আশার আলো দেখা যাচ্ছিল। তবে এসবের মধ্যে রাতে পাকিস্তানের দিক থেকে শুরু হয় সংঘর্ষ বিরতি। এনিয়ে ফের উদ্বেগের পরিস্থিতি তৈরি হয়েছে।







(১ম পাতার পর)

# POK ছাড়া আলোচনা সম্ভব নয়', পাকিস্তানকে হুঁশিয়ারি মোদির

পাকিস্তানি ড্রোনকে প্রতিহত করে। অর্থাৎ যুদ্ধবিরতি লঙ্ঘন করে পাকিস্তান।

তাঁর মধ্যেই রবিবার সামনে এল নতুন তথ্য। ভারত মার্কিন যুক্তরাষ্ট্রকে স্পষ্ট করে জানিয়ে দিয়েছে যে পাকিস্তানের সঙ্গে আলোচনা কেবল পাক-অধিকৃত কাশ্মীর ফিরিয়ে দেওয়া নিয়ে এবং হাফিজ সঈদ ও মাসুদ আজাহারকে ভারতে ফিরিয়ে দেওয়ার বিষয় নিয়েই হবে। অন্য কোনও কিছু নিয়ে নয়। আগামীকাল অর্থাৎ ১২ মে সোমবার দুই দেশের ডিজিএমও এই বিষয় নিয়ে কথা বলবেন।

সরকারি সূত্র মারফত জানানো হয়েছে কাশ্মীরের বিষয়ে ভারতের অবস্থান খুব স্পষ্ট। কেবল একটি বিষয় বাকি রয়েছে, সেটি পাক-অধিকৃত কাশ্মীর (POK) ভারতে ফিরিয়ে আনা। আর কোনও বিষয়ে কথা বলার নেই। তাছাড়া যদি পাকিস্তান সন্ত্রাসীদের হস্তান্তরের বিষয়ে কথা বলে, ভারত কথা বলতে রাজি। সেই সঙ্গে একথাও অত্যন্ত স্পষ্ট করে বলে দেওয়া হয়েছে, "আমরা চাই না কেউ মধ্যস্থতা করুক। আমাদের কারও মধ্যস্থতার প্রয়োজন নেই।

# পুলওয়ামার ঘাতক-সহ অপারেশন সিঁদুরে খতম ১০০ জঙ্গি

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**




পাক জঙ্গিঘাঁটিতে ভারতের প্রত্যাঘাতে কতজন জঙ্গি খতম হয়েছে, প্রাণ হারিয়েছে কতজন পাক সেনা? সীমান্তে উত্তেজনা কমার পর দেশের মানুষের জিজ্ঞাসা এখন এটাই। সেই বিষয়টি সাংবাদিক সম্মেলনে স্পষ্ট করলেন ডিজিএমও লেফটেন্যান্ট জেনারেল রাজীব ঘাই।এয়ার মার্শাল এ কে ভারতী বলেন, যে ৯ জঙ্গি ঘাঁটিতে আঘাত হানা হয়েছে তার মধ্যে ছিল বাহাওয়ালপুর ও মুরিদকে। দুই শিবিরই পাকিস্তান সীমান্ত থেকে অনেকটাই ভিতরে। অত্যন্ত দক্ষতার সঙ্গে ওই দুই জায়গায় আঘাত হানা হয়েছে এয়ার টু সারফেস গাইডেড মিসাইল থেকে।

রাজীব ঘাই আরও বলেন, অপারেশন সিঁদুর-এ ভারত মোট ৫ জওয়ানকে হারিয়েছে। অন্যদিকে, পাকিস্তানের ৩৫-৪০ সেনার মৃত্যু হয়েছে।সেনার তরফে জানিয়ে দেওয়া হল অপারেশন সিঁদুরে সবেমিলিয়ে খতম হয়েছে ১০০ জঙ্গি।ওইসব জঙ্গিদের মধ্যে রয়েছে পুলওয়ামা হামলা ও কান্দাহার বিমান হাইজ্যাকে জড়িত জঙ্গিরাও। লেফটেন্যান্ট জেনারেল রাজীব ঘাই বলেন, মোট ৯ জায়গায় আঘাতে মৃত্যু হয়েছে ১০০ জঙ্গির। এদের মধ্যে রয়েছে ইউসুফ আজহার, আব্দুল মালিক ও মুদাসির আহামেদের মতো জঙ্গি। এরা কান্দাহার বিমান হাইজ্যাক ও পুলওয়ামা হামলার সঙ্গে জড়িত ছিল।

ইউসুফ আজাহার হল জইশ প্রধান মাসুদ আজহারের ভাই। কান্দাহার বিমান অপহরণের সঙ্গে সে জড়িত ছিল। ওই অপহরণের ঘটনায় যাত্রীদের ছাড়িয়ে আনতে মাসুদ আজহারকে ছেড়ে দিতে হয় ভারতকে। এই মাসুদ আজহারই কাশ্মীরে জঙ্গিজাল ছড়িয়েছিল। লস্কর ই তৈবার খতরনাক জঙ্গি ছিল আব্দুল রউফ। তার উপরে গ্লোবাল টেররিস্টের তকমা রয়েছে। অন্যদিকে, মুদাসির আহমেদ মুরিদকের মারকাজে তৈবার দায়িত্বে ছিল।রাজীব ঘাই আরও বলেন, অপারেশন সিঁদুর চালানো হয়েছিল একমাত্র জঙ্গিদের উপরে ও তাদের ঘাঁটিগুলির উপরে আঘাত হানার জন্যই। ভারত কোনওরকম সন্ত্রাসকে সহ্য করবে না। মুরিদকের মতো জঙ্গি শিবির থেকে মুম্বই হামলার জঙ্গি আজমল কাসাভের ট্রেনিং হয়েছিল। ডেভিড কোলম্যান হেডলি ওখান থেকেই ট্রেনিং নিয়েছিল।

# ভারত-পাকিস্তান যুদ্ধের প্রেক্ষাপটে সুন্দরবন অঞ্চলে কড়া নজরদারি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

উত্তর ও উত্তর-পশ্চিম ভারত জুড়ে চলেছে যুদ্ধের পরিস্থিতি। সেই অবস্থায় দক্ষিণ ২৪ পরগনার সুন্দরবনে নিরাপত্তা বাড়ানো হলো অনেক। ইতিমধ্যে সুন্দরবনের জলপথে কয়েকগুণ নিরাপত্তা বাড়ানো হয়েছে। ভারতীয় উপকূল রক্ষী বাহিনীর পক্ষে 'কমলা সুরক্ষা'-র (Raksha Orange) অঙ্গ হিসেবে সুন্দরবন পুলিশ জেলার ফ্রেজারগঞ্জ থানার পুলিশ ও ভারতীয় উপকূল রক্ষী বাহিনীর ফ্রেজারগঞ্জ ঘাঁটির জওয়ানরা নদী ও সমুদ্রে যৌথ টহলদারি চালাচ্ছে। ফ্রেজারগঞ্জ থানার এফআইবি দিয়ে মোহনা, স্থানীয় ফেরিঘাট ও সমুদ্রপথে দীর্ঘক্ষণ ধরে চলছে এই নজরদারি।

নজরদারি চালানোর সময় নদী ও মোহনাতে সন্দেহজনক কোন নৌকা বা জলযান দেখলে জিজ্ঞেসাবাদ চালানো হচ্ছে। ইতিমধ্যে সুন্দরবনের সব উপকূল থানাকে সতর্ক করা হয়েছে। উল্লেখ্য দক্ষিণ ২৪ পরগনার সুন্দরবনের জল সীমানা প্রায় ১৫০ কিলোমিটার। এই পথে অনুপ্রবেশ ঠেকাতে নদী ও বনভূমি এলাকায় বিএসএফ মোতায়েন আছে। ভাসমান বর্ডার আউটপোস্ট, বঙ্গোপসাগর অংশে উপকূলরক্ষী বাহিনীর নজরদারি চলছে। ড্রোন, সেন্সর, ক্যামেরা, কিছু জায়গায় নাইট ভিশন ক্যামেরাও ব্যবহার হচ্ছে। পুলিশের তরফেও উপকূল এলাকায় দিনরাত নজরদারি চলছে। উপকূলীয় থানাগুলির পক্ষ থেকে নদীপথে রাতেও নিয়মিত টহল দেওয়া হচ্ছে।নদী বা সমুদ্রে এখন মাছ ধরায় নিষেধাজ্ঞা চলছে। ফলে মৎস্যজীবীদের জলযান চলাচলের কথা নয়। সেজন্য জলযান দেখলেই তল্লাশি চলছে।

## সম্পাদকীয়

### 'ওরা গুলি চালালে আমরা গোলা ছুড়ব', মোদীর নির্দেশের পরে 'নরকের আগুনে' পুড়ল পাকিস্তান

'ওখান থেকে গুলি চালানো হলে এখান থেকে গোলা চলবে' - পাকিস্তানের সঙ্গে সংঘাতের মধ্যেই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সেই ভাষায় স্পষ্ট নির্দেশ দিয়েছিলেন বলে সূত্র উদ্ধৃত করে সংবাদসংস্থা এএনআইয়ের প্রতিবেদনে জানানো হল। ওই প্রতিবেদন অনুযায়ী, বিষয়টির সঙ্গে অবহিত আধিকারিকরা জানিয়েছেন যে পহেলগাঁও জঙ্গি হামলার প্রতিশোধ নিতে 'অপারেশন সিঁদুর' যত এগিয়েছে, তত পাকিস্তান দুমড়ে-মুচড়ে গিয়েছে।

পুরো ঘটনার আরও ব্যাখ্যা করে বিষয়টির সঙ্গে অবহিত আধিকারিকরা বলেছেন, '(পাকিস্তানের) ভাওয়ালপুরে জইশ-ই-মহম্মদের সদর দফতরের উপরে সবথেকে ভয়ংকর আক্রমণ চালানো হয়েছে। সবথেকে বিধ্বংসী অস্ত্র ব্যবহার করা হয়েছে সেখানেই। জইশ-ই-মহম্মদকে তৈরি করেছিল আইএসআই। আর (সেই জইশের সদর দফতরকে ধ্বংস করে) ভারত স্পষ্ট বার্তা দিল।'হাঁটু গেঁড়ে বসতে বাধ্য হয়েছে ভারতের সামনে। প্রতিটি পর্যায়ে ভারতের কাছে পাকিস্তান অসহায় আত্মসমর্পণ করেছে বলে জানিয়েছেন বিষয়টির সঙ্গে অবহিত আধিকারিকরা।

সূত্রের কথায়, 'প্রতিটি রাউন্ডে পাকিস্তানের অবস্থা আরও শোচনীয় হয়ে উঠেছে। লড়াইয়ের প্রতিটি রাউন্ডে ওরা (পাকিস্তান) ভারতের কাছে পরাজিত হয়েছে। আমরা পাকিস্তানি বায়ুঘাঁটিতে যে পালটা আক্রমণ চালিয়েছিলাম, তারপরই ওরা বুঝতে পেরেছিল যে ভারত ওদের স্তরে পড়ে না। ভারত একটা স্পষ্ট বার্তা দিয়েছিল। বার্তাটা হল যে কেউ সুরক্ষিত নয়, আর সেটাই নিউ নর্ম্যাল।'আর 'নিউ নর্ম্যাল' যে কতটা মারাত্মক ছিল, তা নিয়েও মুখ খুলেছেন বিষয়টির অবহিত আধিকারিকরা। সূত্রের খবর, ইসলামাবাদ ভারতে ড্রোন ও ক্ষেপণাস্ত্র হামলা চালানোর পরে শনিবার (ইংরেজি মতে) পাকিস্তানকে তছনছ করে দেওয়া হয়েছে। 'নরকের আগুন'-র গ্রাসে চলে গিয়েছিল পাকিস্তান। একেবারে নিখুঁতভাবে পাকিস্তানের আটটি সামরিক প্রতিষ্ঠানকে টার্গেট করা হয়েছিল। পঞ্জাব প্রদেশের রহিম ইয়ার খান বায়ুঘাঁটির রানওয়েকে পুরোপুরি ধুলোয় মিশিয়ে দেওয়া হয়েছে বলে সূত্রের খবর।

ওই মহলের মতে, পাকিস্তানের একের পর এক বায়ুঘাঁটিতে ভারত যে প্রত্যাঘাত করেছে, সেটাই 'অপারেশন সিঁদুর'-র টার্নিং পয়েন্ট ছিল। তারপরই সংঘর্ষবিরতির চুক্তি নিয়ে পাকিস্তান থেকে ফোন আসে। বিষয়টির সঙ্গে অবহিত আধিকারিকরা বলেছেন, 'অপারেশন সিঁদুর এখনও শেষ হয়নি। আমরা এখন নিউ নর্ম্যাল। পুরো বিশ্বকে সেটা মানতেই হবে। পাকিস্তানকে এটা মানতেই হবে। আগের মতো আর চলবে না।'

যদিও প্রাথমিকভাবে পাকিস্তানের সামরিক ঘাঁটিতে ভারতের যে নিশানা করার কোনও পরিকল্পনা ছিল না, তা স্পষ্ট করে দেওয়া হয়েছে। বিষয়টির সঙ্গে অবহিত আধিকারিকরা জানিয়েছেন, জঙ্গিদের নিশানা করেই 'অপারেশন সিঁদুর' চালানো হয়েছিল। প্রধানমন্ত্রী বলেছিলেন যে জঙ্গি শিবিরকে 'মাটিতে মিশিয়ে দেব (মিট্টি মে মিলা দেঙ্গে)।' আর সেইমতো ভাওয়ালপুর, মুরিদকে এবং মুজফ্ফরাবাদের জঙ্গি শিবিরকে মাটিয়ে মিশিয়ে দেওয়া হয়েছে। স্রেফ ধসিয়ে দেওয়া হয়েছে একের পর এক জঙ্গি শিবিরকে।

## কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



মৃত্যুঞ্জয় সরদার
(চব্বিশতম পর্ব)



এবং তাঁর ইচ্ছায় বিশ্বরূপ দেখালেন। তারপর মহর্ষি ভৃগু তাঁর কন্যা লক্ষ্মীকে বিষ্ণুর হস্তে সমর্পণ করলেন। এভাবে লক্ষ্মী দেবী বিষ্ণুপত্নী হলেন। লক্ষ্মী দেবীর উৎপত্তিবিষ্ণু পুরাণ, ভাগবত, মহাভারত প্রভৃতি গ্রন্থ অনুসারে লক্ষ্মী দেবীর উৎপত্তি হয়েছে সমুদ্র থেকে। দুর্বাসা মুনির শাপে স্বর্গ একদা শ্রীহীন বা লক্ষ্মী-ছাড়া হয়ে যায়। তখন বিষ্ণুর পরামর্শে স্বর্গের ঐশ্বর্য ফিরে পাবার জন্য দেবগণ অসুরদের সাথে নিয়ে সমুদ্র-মন্থন শুরু করেন। সেই ক্ষীর-সমুদ্র মন্থনের ফলে উঠে আসল নানা রত্ন, মণি-মাণিক্য, অমৃতসুধা আরও কত কি। এসব ছাড়াও সমুদ্র-মন্থনের

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

(২ পাতার পর)

## নজরে বাংলার এই জেলাগুলি, ৩ মাসের জন্য কড়া নজরদারি-বাড়তি সতর্কতা!

নবান্নের তরফে স্পষ্ট করে দেওয়া হয়েছে, রাজ্যের নিরাপত্তা ব্যবস্থাকে চাঙ্গা রাখতে হবে। সম্ভাব্য পরিস্থিতি সামাল দিতে কী কী প্রস্তুতি নিতে হবে, তা স্পষ্ট করে দিয়েছে নবান্ন। রাজ্যের যোগাযোগ ব্যবস্থা নিখুঁত রাখার ওপরেও বিশেষ নজর দিয়েছেন মুখ্যসচিব। রেডিয়ো, মোবাইল বা অন্য যে কোনও যোগাযোগ মাধ্যম সব ক্ষেত্রেই যেন কোনও বিঘ্ন না ঘটে, সেদিকে নজর দেওয়া হচ্ছে। প্রতিটি জেলার পুলিশ সুপার ও কলকাতা পুলিশের উচ্চ পদস্থ আধিকারিকদের নির্দেশ দেওয়া হয়েছে। সর্বোপরি, ভুয়ো তথ্য, গুজবে যাতে কেউ কান না দেন, যেন রাজ্যের ভিতরেই কোনও অপ্রীতিকর পরিস্থিতি তৈরি না হয়, সে দিকেও বিশেষ নজর দিতে বলা হয়েছে।বৈঠকে বিশেষ কড়া নজরদারির নির্দেশ দেওয়া হয়েছে সীমান্তবর্তী জেলাগুলিতে।

প্রত্যন্ত এলাকা , দুর্গম এলাকাগুলিতে টহলদারি বাড়ানোর নির্দেশ দেওয়া হয়েছে। সুন্দরবনের জলপথ এবং উত্তরবঙ্গের পাহাড় ঘেঁষা আন্তর্জাতিক সীমান্ত এলাকায় বিশেষ নজর রাখতে বলা হয়েছে। বিশেষ নির্দেশ হাসপাতালগুলোকে।আপৎকালীন পরিস্থিতিতে চিকিৎসা পরিষেবায় ঘাটতি না থাকে তার নির্দেশ।

## সতীপীঠের অন্যতম কামাখ্যা



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

কামাখ্যা মন্দির হচ্ছে ভারতের অসম রাজ্যের গুয়াহাটি শহরের পশ্চিমাংশে নীলাচল পর্বতে অবস্থিত। হিন্দু দেবী কামাখ্যার মন্দিরটি ৫১ সতীপীঠের অন্যতম।এই মন্দির চত্বরে দশমহাবিদ্যার মন্দিরও আছে।

**ক্রমশঃ**

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# 'ঐতিহাসিক জয়ে'র স্বপ্নে বুঁদ, 'ভারতের সেনাকে চুপ করিয়ে দিয়েছি', দাবি শাহবাজের

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

পাকিস্তান নয়, যুদ্ধবিরতি লঙ্ঘন করেছে ভারত! হাস্যকর দাবি করল ইসলামাবাদ। শনিবার রাত সোয়া আটটা নাগাদ সীমান্তের বিস্তীর্ণ এলাকাজুড়ে হামলা শুরু করে পাক সেনা। সেই ঘটনার তীব্র নিন্দা করে কড়া বিবৃতি দেন বিদেশসচিব বিক্রম মিসরি। তারপরেই পাক বিদেশমন্ত্রকের তরফে বার্তা দেওয়া হয়, আসলে যুদ্ধবিরতি লঙ্ঘন করেছে ভারতই।মিসরির এই সাংবাদিক বৈঠকের পরেই বিবৃতি জারি করে পাক বিদেশমন্ত্রক। সেখানে বলা হয়, সংঘর্ষবিরতি পালন করতে পাকিস্তান বদ্ধপরিকর। কিন্তু বেশ কিছু জায়গায় সংঘর্ষবিরতি লঙ্ঘন করেছে ভারত। পাক সেনা তার জবাব দিচ্ছে। কিন্তু বিদেশমন্ত্রক এই বিবৃতি দিলেও সংঘর্ষবিরতি লঙ্ঘন নিয়ে একটি শব্দও উচ্চারণ করেননি পাক প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ। বরং সংঘর্ষবিরতি কার্যকর করার জন্য আমেরিকা-সহ অন্যান্য দেশগুলিকে ধন্যবাদ জানিয়েছেন তিনি। 'সবচেয়ে বিশ্বস্ত বন্ধু' হিসাবে আলাদা করে ধন্যবাদ



জানিয়েছেন চিনকে। কিন্তু নিজের বিদেশমন্ত্রকের এমন 'মিথ্যাচারে' একেবারে নীরব শাহবাজ। বরং জাতির উদ্দেশ্যে ভাষণ দিতে গিয়ে তিনি বলেন, "কয়েক ঘণ্টার মধ্যে ভারতের সেনাবাহিনীকে চুপ করিয়ে দিয়েছে পাকিস্তান। ইতিহাস সেটা মনে রাখবে।" পাক প্রধানমন্ত্রীর মতে, ঐতিহাসিক সাফল্য পেয়েছে পাকিস্তান।কিন্তু বিদেশমন্ত্রক এই বিবৃতি দিলেও সংঘর্ষবিরতি লঙ্ঘন নিয়ে একটি শব্দও উচ্চারণ করেননি পাক প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ। শনিবার দুপুরে পাকিস্তানের তরফে আর্জি জানানো হয় যুদ্ধবিরতির জন্য। সেই আবেদনে রাজি হয় ভারত। শনিবার বিকেল পাঁচটা থেকে ভারত এবং পাকিস্তানের মধ্যে যুদ্ধবিরতি শুরু হয়। কিন্তু সওয়া আটটা থেকে ফের গুলিবর্ষণ শুরু করে পাক সেনা। সংবাদ সংস্থা এএনআই সূত্রে খবর, উধমপুরে পাক ড্রোন হামলা আটকেছে ভারত। এছাড়াও শ্রীনগর, জম্মুর একাধিক জায়গায় গুলি এবং বিস্ফোরণের আওয়াজ শোনা গিয়েছে। রাজস্থানের বারমের, জয়সলমের এবং পাঞ্জাবের ফিরোজপুরে ব্ল্যাক আউট করা হয়েছে। অন্ধকার করে দেওয়া হয়েছে কাশ্মীরের বিস্তীর্ণ এলাকাও। পাক ড্রোন উড়তে দেখা গিয়েছে গুজরাটের কচ্ছে। বিনা প্ররোচনায় এমন হামলার পর পাকিস্তানের প্রতি ক্ষুব্ধ ভারত। পাক হামলার পর সাংবাদিক সম্মেলনে এসে বিদেশ সচিব বলেন, "ডিজিএমও স্তরে হওয়া সংঘর্ষবিরতি চুক্তি ভেঙে কয়েকঘণ্টার মধ্যেই ভারতে হামলা চালিয়েছে পাকিস্তান। এটা বিশ্বাসভঙ্গ ও চুক্তিভঙ্গ। সেনা পরিস্থিতির দিকে সর্বদা নজর রাখছে। এর জবাব দিতে হবে।" মিসরি আরও বলেন, সংঘর্ষবিরতি লঙ্ঘনের বিষয়টিতে দায়িত্ব সহকারে আচরণ করতে হবে পাকিস্তানকে।

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219 (Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364, (Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |




# জম্মু-কাশ্মীর, পাঞ্জাব, চণ্ডীগড় এবং রাজস্থান ও গুজরাতের সীমান্ত এলাকায় কারিগরি ও বৈজ্ঞানিক প্রতিষ্ঠানগুলিতে নিরাপত্তা ব্যবস্থা আরও আধুনিক করা হবে : ডঃ জিতেন্দ্র সিং

**নতুন দিল্লি: ১০ মে ২০২৫**

জম্মু-কাশ্মীর, পাঞ্জাব, চণ্ডীগড় এবং রাজস্থান ও গুজরাতের সীমান্ত এলাকায় কারিগরি ও বৈজ্ঞানিক প্রতিষ্ঠানগুলিতে নিরাপত্তা ব্যবস্থা আরও আধুনিক করা হবে। একথা জানিয়েছেন কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তি (স্বাধীন দায়িত্বপ্রাপ্ত), ভূ-বিজ্ঞান (স্বাধীন দায়িত্ব প্রাপ্ত) এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের ভারপ্রাপ্ত প্রতিমন্ত্রী ডঃ জিতেন্দ্র সিং।

আজ এক উচ্চ পর্যায়ের বৈঠকে তিনি দেশের কারিগরি ও বৈজ্ঞানিক প্রতিষ্ঠানগুলির নিরাপত্তা ব্যবস্থা পর্যালোচনা করেন। বৈঠকে মূলত জম্মু ও কাশ্মীর, পাঞ্জাব, লাদাখ এবং উত্তর-পশ্চিম ভারতের গবেষণা ও বৈজ্ঞানিক প্রতিষ্ঠানগুলির নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার ওপর গুরুত্ব দেওয়া হয়।

বৈঠকে যে সব প্রতিষ্ঠানের নিরাপত্তা নিয়ে পর্যালোচনা করা হয়, তার মধ্যে রয়েছে, সিএসআইআর-ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ইন্টেগ্রেটিভ মেডিসিন (আইআইআইএম), জম্মু; সিএসআইআর-ইনস্টিটিউট অফ মাইক্রোবিয়াল টেকনোলোজি (আইএমটেক), চণ্ডীগড়; ভারতীয় আবহাওয়া দপ্তর, শ্রীনগর; এছাড়াও রয়েছে অন্যান্য গুরুত্বপূর্ণ বৈজ্ঞানিক প্রতিষ্ঠান।

দেশের বর্তমান পরিস্থিতির পরিপ্রেক্ষিতে সমস্ত বৈজ্ঞানিক প্রতিষ্ঠানের নিরাপত্তা ব্যবস্থা আরও মজবুত করার নির্দেশ দেন শ্রী সিং। এই সব প্রতিষ্ঠানের জন্য কিছু নিয়মনীতিও বেঁধে দেন কেন্দ্রীয় মন্ত্রী। স্থানীয় প্রশাসনের সঙ্গে সমন্বয় রেখে কাজ করার ওপর জোর দেন ডঃ সিং। তিনি বলেন, আমাদের দেশের অগ্রগতির মূল স্তম্ভ হল, এই বৈজ্ঞানিক প্রতিষ্ঠানগুলি।

বিজ্ঞান ও প্রযুক্তি দপ্তরের সচিব ডঃ অভয় করণডিকার, জৈব প্রযুক্তি দপ্তরের সচিব ডঃ রাজেশ গোখলে, সিএসআইআর-এর মহানির্দেশক ডঃ এন কলাইসেলভি, ভারতীয় আবহাওয়া দপ্তরের মহানির্দেশক মৃত্যুঞ্জয় মহাপাত্র প্রমুখ এই বৈঠকে উপস্থিত ছিলেন।

# অপারেশন সিঁদুর শুধুমাত্র সামরিক অভিযান নয়, ভারতের রাজনৈতিক, সামাজিক ও কৌশলগত ইচ্ছাশক্তির প্রতীক : প্রতিরক্ষামন্ত্রী



নতুন দিল্লি: ১১ মে ২০২৫

"অপারেশন সিঁদুর শুধুমাত্র সামরিক অভিযান নয়, ভারতের রাজনৈতিক, সামাজিক ও কৌশলগত ইচ্ছাশক্তির প্রতীক", উত্তরপ্রদেশের লক্ষ্মৌতে আজ ব্রহ্মোস ইন্টিগ্রেশন অ্যান্ড টেস্টিং ফেসিলিটি সেন্টারের উদ্বোধনী অনুষ্ঠানে ভার্চুয়াল মাধ্যমে বক্তব্য পেশ করতে গিয়ে একথা বলেছেন প্রতিরক্ষামন্ত্রী শ্রী রাজনাথ সিং। এই অপারেশনকে সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের শক্তিশালী ইচ্ছাশক্তির মহড়া হিসেবে চিহ্নিত করেন তিনি।

প্রতিরক্ষামন্ত্রী বলেন, সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারত যেখানে পদক্ষেপ গ্রহণ করবে, সেখানে জঙ্গি এবং তাদের প্রভুরা নিরাপদে থাকতে পারবে না। তিনি বলেন, "উরির ঘটনার পর সার্জিকাল স্ট্রাইক, পুলওয়ামার হামলার পর বিমান প্রত্যাঘাত এবং পহেলগামের হামলার পর আকাশপথে পরপর হামলা, এগুলির মাধ্যমে গোটা বিশ্ব প্রত্যক্ষ করেছে যে, দেশের মাটিতে সন্ত্রাসবাদী হামলা হলে ভারত কী করতে পারে।"

শ্রী রাজনাথ সিং জানান, পাকিস্তান এবং পাক-অধিকৃত কাশ্মীরের জঙ্গিদের পরিকাঠামো ধ্বংসের জন্য এই অভিযান চালানো হয়েছিল, কোন নিরীহ নাগরিককে নিশানা করা হয়নি। অন্যদিকে, পাকিস্তান ভারতের নাগরিকদের লক্ষ্য করে হামলা চালাচ্ছে এবং মন্দির, গুরদুয়ারা এবং গির্জাকে নিশানা করছে।

প্রতিরক্ষামন্ত্রী ব্রহ্মোসকে বিশ্বের অন্যতম দ্রুততম সুপারসনিক ক্রুজ ক্ষেপণাস্ত্র হিসেবে আখ্যা দিয়ে বলেন, এটি হল ভারতীয় সশস্ত্রবাহিনীর শক্তির বার্তা।

উত্তরপ্রদেশ প্রতিরক্ষা শিল্প করিডোর (ইউপিডিআইসি)-টিকে দেশের গর্ব হিসেবে আখ্যা দিয়ে বলেন, এতে প্রত্যক্ষভাবে ৫০০ এবং পরোক্ষভাবে ১০০০ মানুষের কর্মসংস্থান হবে।

তিনি জানান, ইউপিডিআইসি-তে ১৮০টি মউ এপর্যন্ত স্বাক্ষরিত হয়েছে এবং ইতিমধ্যে ৩৪,০০০ কোটি টাকার বিনিয়োগের প্রস্তাব এসেছে। ইতিমধ্যে ৪,০০০ কোটি টাকা বিনিয়োগ হয়েছে। এয়ারক্র্যাফট তৈরি, ড্রোন, অস্ত্রশস্ত্র, প্যারাস্যুট প্রভৃতি ক্ষেত্রে বিনিয়োগ আসছে। এখানে সরকারি এবং বেসরকারি, উভয়েরই অংশীদারিত্ব রয়েছে।

# 'ব্রহ্মসের শক্তি যদি চোখে না পড়ে, পাকিস্তানকে জিজ্ঞেস করুন!' লখনউতে হুঙ্কার যোগীর

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

জাতীয় প্রযুক্তি দিবস উপলক্ষে রবিবার 'ব্রহ্মস' ক্ষেপনাস্ত্রর নতুন ইউনিটের উদ্বোধন হল লনউয়ে। সেখানে উপস্থিত ছিলেন উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। ডিফেন্স ইন্ডাস্ট্রিয়াল করিডরে ব্রহ্মস নিয়ে কথা বলতে গিয়ে তিনি জানিয়ে দিলেন 'অপারেশন সিঁদুরে' এই মিসাইলের ব্যবহার হয়েছে। এর ক্ষমতা সম্পর্কে জানতে হলে পাকিস্তানকে জিজ্ঞাসা করার পরামর্শ দিলেন তিনি।

বললেন, 'অপারেশন সিঁদুরে ব্রহ্মস মিসাইলের শক্তি পুরো দুনিয়া দেখেছে। কারও যদি সেটা চোখে না পড়ে, পাকিস্তানের কাছে জিজ্ঞেস করুন, ওরা নিশ্চয়ই বলবে এর প্রভাব ঠিক কতটা।' সন্ত্রাসবাদ নিয়ে মন্তব্য করতে গিয়ে যোগীর দাবি, সন্ত্রাসবাদের স্বভাব কুকুরের বেঁকে থাকা লেজের মতো—সোজা হয় না। তাই তার উত্তরও দিতে হয় একই ভাষায়।

উত্তরপ্রদেশ সরকার ইতিমধ্যেই ব্রহ্মস মিসাইল প্রজেক্টের জন্য ২০০ একর জমি বরাদ্দ করেছে এবং খুব শীঘ্রই রাজ্যে মিসাইল তৈরির কাজ শুরু হবে বলে জানিয়েছেন।

প্রধানমন্ত্রী বা বাকি কেন্দ্রীয় মন্ত্রীদের সুরে সুর মিলিয়ে যোগীও সন্ত্রাসবাদ নিয়ে জিরো টলারেন্স নীতির কথা মনে করিয়ে দেন। জানান, এখন থেকে সন্ত্রাসবাদ কোনও সাধারণ অপরাধ নয় বরং তা যুদ্ধ হিসেবে গণ্য করা হবে। বলেন, 'এই দুর্বৃত্তদের মূলোচ্ছেদ করতে হলে সবাইকে একজোট হয়ে মোদীজির নেতৃত্বে একসঙ্গে লড়তে হবে।'



প্রসঙ্গত, 'অপারেশন সিঁদুর' চালানো হয়েছিল ২২ এপ্রিল জম্মু-কাশ্মীরের পহেলগামে ভয়াবহ জঙ্গি হামলার পাল্টা জবাব হিসেবে। সেই হামলায় ২৬ জনের মৃত্যু হয়। এর পরই ভারত সরাসরি জইশ-ই-মহম্মদ (JeM) এবং লস্কর-ই-তইবা (LeT)-র পাকিস্তান ও পাকিস্তান-অধিকৃত কাশ্মীরের নয়টি ঘাঁটি গুঁড়িয়ে দেয়।

সূত্রের খবর, অপারেশন সিঁদুরে ভারতীয় বায়ুসেনা রাফাল

# সিনেমার খবর cinema TV

## উচ্চশিক্ষা না নেওয়ার আক্ষেপে ভুগছেন সোনম কাপুর

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন


সোনম কাপুর

বলিউড অভিনেত্রী সোনম কাপুর দীর্ঘদিন ধরে অভিনয় থেকে দূরে। ২০২২ সালে ছেলে বায়ু কাপুরের জন্মের পর নিজেকে পুরোপুরি পরিবার, সন্তান ও সংসারেই সীমাবদ্ধ রেখেছেন তিনি। যদিও পর্দায় অনুপস্থিত, তবে সামাজিক যোগাযোগ মাধ্যমে নিয়মিত থাকেন এই তারকা।

সম্প্রতি ফ্যাশন ম্যাগাজিন ভোগ'কে দেওয়া এক সাক্ষাৎকারে সোনম ব্যক্তিগত জীবন, সন্তান পালন এবং শিক্ষা নিয়ে নিজের দৃষ্টিভঙ্গি নিয়ে কথা বলেন। সেখানে তিনি জানান, জীবনে কলেজে না যেতে পারার বিষয়টি আজও তার মনে আক্ষেপ জাগায়।

সোনম বলেন, 'আমি কোনো দিন কলেজে যাইনি। কিন্তু আমার স্বামী আনন্দ আহুজা পেনসিলভানিয়া ইউনিভার্সিটির হোয়ার্টন স্কুল থেকে পড়াশোনা করেছেন। ওখানে গিয়ে আমি প্রথমবার বুঝেছি কী অসাধারণ অভিজ্ঞতা আমি মিস করেছি।'

তিনি জানান, নিজের এই অভাব যেন ছেলের জীবনে না আসে, সে জন্য এখন থেকেই সচেতন হয়েছেন। সোনম বলেন, 'বায়ুর মধ্যে এখন থেকেই বই পড়ার অভ্যাস গড়ে তুলেছি। আমি চাই, ওর মধ্যে সহানুভূতি আর কৌতূহল গড়ে উঠুক—আর বই পড়াই সেই পথের শুরু।'

একটি মজার তথ্যও শেয়ার করেন তিনি। জানান, দুই বছরের বায়ু ঘরের বাইরে যাওয়ার আগে তার মতোই বাতাসের মান (AQI) পরীক্ষা করে। যদি বাতাস খারাপ হয়, সে বাইরে যেতে চায় না।

সাক্ষাৎকারে সোনম আরও বলেন, মা হওয়ার পর তার জীবনে নতুন করে বিস্ময়, আদর্শবাদ আর আবেগ ফিরে এসেছে। 'আমি চেষ্টা করি বায়ুর চোখ দিয়ে পৃথিবীকে দেখতে, যাতে ওর ভালো অভিভাবক হতে পারি', বলেন এই অভিনেত্রী।

উল্লেখ্য, সোনম কাপুরকে সর্বশেষ দেখা গেছে ২০২৩ সালে মুক্তিপ্রাপ্ত 'ব্লাইন্ড' সিনেমাতে। তিনি সম্প্রতি তার বলিউডে ফেরার ইঙ্গিতও দিয়েছেন।

## মেয়ের জন্মের পর কতটা পরিবর্তন এসেছে দীপিকার জীবনে?

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন



সন্তান জন্মের পর খুব স্বাভাবিক ভাবেই মায়ের জীবনের অগ্রাধিকার বদলে যায়। সেলিব্রিটি হোক বা সাধারণ মানুষ সকলের ক্ষেত্রেই বিষয়টা একই। বলিউড অভিনেত্রী দীপিকা পাড়ুকোনের ক্ষেত্রেও ব্যাপারটা একই। মাতৃত্ব জীবন বদলে দিয়েছে তার।


সম্প্রতি, মুম্বইয়ের 'ওয়েভস সামিট'-এ নিজেই সেই কথা জানিয়েছেন অভিনেত্রী। দীপিকার কথায়, 'আমি একটা নতুন জীবন উপভোগ করছি। মা হওয়ার পর জীবনে আরও অনেক কিছু জুড়ে গিয়েছে।'

অভিনেত্রীর ভাষ্য, 'নতুন একটি প্রাণের সমস্ত দায়িত্ব আমার। এতদিন কেবল ক্যারিয়ার, অর্থ উপার্জনের কথা ভাবতাম। এখন সবটা বদলে গেছে। একটা প্রাণ যখন শুধুই আমার উপর নির্ভরশীল, তখন অবশ্যই তার গুরুত্ব আমার কাছে সবচেয়ে বেশি।'

মাতৃত্বের প্রতিটি মুহূর্ত উপভোগ করছেন দীপিকা। তার কথায়, 'আমি সবসময় চেয়েছিলাম মা হতে। এখন আমি বুঝতে পারছি একজন মায়ের কাছে মাতৃত্বকালীন জীবনের অর্থ। আমার মনে হয় না এর থেকে ভালো আর কিছু হতে পারে। এখন সবসময় ওর কথাই ভাবতে হয় আমায়। জীবনটাই তো বদলে গেছে।'

প্রসঙ্গত, ২০২৪ সালের ৮ সেপ্টেম্বর, রণবীর ও দীপিকার কোলজুড়ে আসে তাদের একমাত্র কন্যা সন্তান 'দুয়া'। তারপর থেকে মেয়ের সঙ্গেই বেশিরভাগ সময় কাটাচ্ছেন তিনি। এবং জীবনের এই সুন্দর মুহূর্তটা চেটেপুটে উপভোগও করছেন অভিনেত্রী।

## উঁচু হিল পরা নিয়ে বিরাটের প্রশ্নে ক্ষুব্ধ আনুশকা!



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

বলিউড অভিনেত্রী আনুশকা শর্মা বৃহস্পতিবার (১ মে) ৩৭তম জন্মদিন পালন করেছেন। বর্তমানে চলচ্চিত্র জগৎ থেকে কিছুটা দূরে থাকলেও, স্বামী বিরাট কোহলি ও দুই সন্তান নিয়ে পারিবারিক জীবনে ব্যস্ত তিনি। তবে জন্মদিনে আলোচনায় উঠে এসেছে বিরাট-আনুশকার প্রথম সাক্ষাৎ এবং সেই সময়কার একটি মজার ঘটনা।

ভারতের এই জনপ্রিয় ক্রিকেট তারকা প্রথমবার আনুশকার সামনে দাঁড়িয়ে রীতিমতো নার্ভাস হয়ে পড়েছিলেন। অভিনেত্রীর সামনে নিজেকে সামলাতে না পেরে উদ্ভট এক প্রশ্ন করে বসেন বিরাট।

২০১৯ সালের একটি সাক্ষাৎকারে বিরাট কোহলি জানান, একটি বিজ্ঞাপনের শুটিংয়ে আনুশকার সঙ্গে প্রথম স্ক্রিন শেয়ার করেন তিনি। বিরাট বলেন, 'আমি দাঁড়িয়ে ছিলাম আর ভিতরে ভিতরে কাঁপছিলাম। ওর লুক দেখে বুঝতেই পারছিলাম না কীভাবে কথা শুরু করব। তখন হঠাৎ বলেই ফেললাম— "তুমি আর একটু উঁচু হিল পরতে পারতে না?" ভেবেছিলাম, ও হাসবে। কিন্তু সে এমন গলায় "এক্সকিউজ মি?" বলে উঠল যে আমি লজ্জায় গলে যাচ্ছিলাম। তখন নিজেকে একেবারে গাধা মনে হচ্ছিল।'

তবে প্রথমবারের সেই অস্বস্তিকর কথোপকথনের পরও যে সম্পর্ক এতদূর গড়াবে, তা কেউই ভাবেননি। ২০১৭ সালের ১১ ডিসেম্বর ইতালির এক প্রাসাদে রাজকীয় আয়োজনের মধ্য দিয়ে বিয়ে করেন বিরাট ও আনুশকা। বিয়ের পর থেকেই বলিউড ও ক্রিকেটের এই যুগল হয়ে উঠেছে পপ সংস্কৃতির অংশ।

২০২১ সালের জানুয়ারিতে জন্ম নেয় তাদের প্রথম সন্তান, কন্যা ভামিকা। আর ২০২৪ সালে তাদের ঘর আলো করে আসে ছেলে আকায়। বর্তমানে চারজনের পরিবার নিয়ে তারা সুখেই আছেন।

# গিলক্রিস্টের চোখে বুমরাহ বোলিংয়ের ডন ব্র্যাডম্যান

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

বলের রঙ সাদা হোক বা লাল, গায়ের পোশাক হোক সাদা কিংবা রঙিন, দেশে কিংবা বিদেশে, যেকোনো কন্ডিশনে যেকোনো পরিস্থিতিতে ব্যাটারদের জন্য বর্তমানে এক ত্রাসের নাম জাসপ্রীত বুমরাহ।

লম্বা সময় ধরে ফর্মের তুঙ্গে আছেন ভারতীয় এই পেসার। দুর্দান্ত বোলিংয়ের কারণে এবার তাকে বোলারদের ‘স্যার ডন ব্র্যাডম্যান’ হিসেবে আখ্যায়িত করলেন অস্ট্রেলিয়ান ব্যাটিং গ্রেট অ্যাডাম গিলক্রিস্ট।

বছরজুড়ে দারুণ পারফরম্যান্সের সুবাদে ২০২৪ সালে আইসিসির বর্ষসেরা ক্রিকেটার এবং বর্ষসেরা টেস্ট ক্রিকেটারের পুরস্কারও জেতেন বুমরাহ। বছরের শেষের দিকে বর্ডার-গাভাস্কার ট্রফিতে ভারতের হয়ে প্রায় একাই বুক চিতিয়ে লড়ে গেছেন বুমরাহ।


জাসপ্রীত বুমরাহ,অ্যাডাম গিলক্রিস্ট

শেষ টেস্টে চোটে পড়ার আগে সিরিজে নেন ৩২ উইকেট, যা সিরিজের সর্বোচ্চ। ভারত ৩-১ ব্যবধানে সিরিজ হারলেও সিরিজসেরার পুরস্কার ওঠে বুমরাহর হাতে।

চোটের কারণে চ্যাম্পিয়ন্স ট্রফিতে খেলা হয়নি বুমরাহর। মুম্বাই ইন্ডিয়ান্সের হয়ে আইপিএলের শুরুর দিকের বেশ কিছু ম্যাচও মিস করেছেন তিনি। তবে ফেরার পর জ্বলে উঠেছেন বরাবরের মতই। এখনও পর্যন্ত ৭ ম্যাচ খেলে তুলেছেন ১১ উইকেট।

বোলিং গড় দারুণ, ১৭.৭২! ইকোনমি রেট ৬.৯৬, আধুনিক ক্রিকেটের বাস্তবতা এবং আইপিএল বিবেচনায় যা অবিশ্বাস্য। সব মিলিয়ে রাজার বেশেই ফিরেছেন বুমরাহ। তার না খেলা ৪ ম্যাচে যেখানে ১ জয় পেয়েছিল তার দল মুম্বাই ইন্ডিয়ান্স, সেখানে তার খেলা ৭ ম্যাচে ৬ জয় তুলে নিয়ে উঠে গেছে টেবিলের শীর্ষে।

ক্রিকেট ওয়েবসাইট ক্রিকবাজে আলোচনায় সব সংস্করণে বুমরাহর প্রভাব বোঝাতে সাবেক কিপার-ব্যাটসম্যান গিলক্রিস্ট ভারতীয় পেসারকে তুলনা করেন ডন ব্র্যাডম্যানের সঙ্গে, যিনি সর্বকালের সেরা ব্যাটসম্যান হিসেবে একরকম অবিসংবাদিত।

গিলক্রিস্ট বলেন, “সে সম্ভবত সর্বকালের সেরা বোলার, ফাস্ট বোলার। যখন পরিসংখ্যানে চোখ রাখবেন, দেখবেন কোন কোন পরিস্থিতিতে সে তার বোলিং দক্ষতা দেখিয়ে চলেছে, তখন তাকে মনে হবে ব্র্যাডম্যানের মতোই, যিনি অন্যদের তুলনায় অনেক এগিয়ে। ভিন্ন ভিন্ন কন্ডিশন ও পিচে যেভাবে সে বোলিং করে, তাতে বোঝা যায় আমরা সত্যিই বড় মাপের এক খেলোয়াড়কে দেখছি।”

## প্রেমিকাকে ঘুষি মারার অভিযোগে অলিম্পিক জয়ী দৌড়বিদ গ্রেফতার




**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

দুইবারের অলিম্পিক পদকজয়ী মার্কিন দৌড়বিদ ফ্রেড কারলি প্রেমিকাকে শারীরিকভাবে আঘাত করার অভিযোগে যুক্তরাষ্ট্রের ফ্লোরিডায় গ্রেফতার হয়েছেন। অভিযোগ, তিনি সাবেক প্রেমিকা ও অলিম্পিক হার্ডলার আলাইশা জনসনের মুখে ঘুষি মারেন।

ঘটনাটি ঘটে বৃহস্পতিবার, ডানিয়া বিচের এক হোটেলে। সে সময় কারলি ‘গ্র্যান্ড স্লাম ট্র্যাক’ সিরিজের দ্বিতীয় পর্বে অংশ নিতে প্রস্তুতি নিচ্ছিলেন। শুক্রবার আদালতে হাজির হয়ে ১ হাজার ডলার জামিনে মুক্তি পান তিনি।

ব্রোয়ার্ড কাউন্টি শেরিফ অফিস জানায়, কারলির বিরুদ্ধে ‘ব্যাটারি – টাচ অর স্ট্রাইক’ অভিযোগ আনা হয়েছে। তবে তার আইনজীবী রিচার্ড কুপার আশাবাদী, মামলাটি দ্রুত খারিজ হয়ে যাবে।

আয়োজক কর্তৃপক্ষ এক বিবৃতিতে জানায়, কারলি এই সপ্তাহান্তের প্রতিযোগিতায় অংশ নিচ্ছেন না এবং বিষয়টি তদন্তাধীন রয়েছে। প্রতিযোগিতায় অংশ নেওয়ার কথা ছিল আলাইশা জনসনেরও।

ফ্রেড কারলি ২০২০ টোকিও অলিম্পিকে ১০০ মিটারে রৌপ্য এবং ২০২৪ প্যারিস অলিম্পিকে ব্রোঞ্জ পদক জিতেছেন। তিনি গত মাসে কিংস্টনের প্রথম পর্বেও অংশ নেন।

## অবশেষে রিয়াল ছাড়তে যাচ্ছেন মদ্রিচ!

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

স্প্যানিশ ক্লাব রিয়াল মাদ্রিদের সঙ্গে ১৩ বছরের দীর্ঘ বর্ণাঢ্য পথচলার অবসান ঘটাতে চলেছেন লুকা মদ্রিচ। ক্লাবটির সঙ্গে মূল চুক্তির মেয়াদ আগামী ৩০ জুন পর্যন্ত হলেও, আসন্ন ক্লাব বিশ্বকাপকে সামনে রেখে দুই সপ্তাহের জন্য বাড়ানো হয়েছে চুক্তির মেয়াদ। ১৩ জুলাই পর্যন্ত রিয়ালের জার্সি গায়ে খেলবেন এই ক্রোয়েশিয়ান কিংবদন্তি।

ক্লাব সূত্রে জানা গেছে, ২৫ মে থেকে ১৮ জুনের মধ্যে নতুন এই স্বল্পমেয়াদী চুক্তিতে সই করবেন মদ্রিচ। তবে এই মেয়াদে তার বেতন বা অন্যান্য চুক্তির শর্তাবলীতে কোনো পরিবর্তন আনা হয়নি।



রিয়ালে নিজের ১৩ বছরের ক্যারিয়ারে মদ্রিচ জিতেছেন মোট ২৮টি শিরোপা, যার মধ্যে রয়েছে পাঁচটি চ্যাম্পিয়নস লিগ, তিনটি লা লিগা এবং একাধিক ঘরোয়া ও আন্তর্জাতিক ট্রফি। রিয়ালের মাঝমাঠে তিনি ছিলেন দলের মেরুদণ্ডস্বরূপ এবং বহু ম্যাচে তার দারুণ পারফরম্যান্সেই সফলতা এসেছে ক্লাবটির।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR